# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## পুঁজিবাজারে তালিকাভুক্তির লক্ষ্যে প্রস্তাবিত সরকারি কোম্পানিসমূহের সম্পদ এবং দায় এর পুনঃমূল্যায়নের জন্য নীতিমালা

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
এপ্রিল ২০১১

# পুঁজিবাজারে তালিকাভুক্তির লক্ষ্যে প্রস্তাবিত সরকারি কোম্পানিসমূহের সম্পদ এবং দায় এর পুনঃমূল্যায়নের জন্য নীতিমালা


**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**অর্থ মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এপ্রিল ২০১১ খ্রিস্টাব্দ

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১. | ভূমিকা | ৪ |
| ০২. | পূর্ণাংগ নীতিমালা | ৫—৯ |

# ভূমিকা

সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহের শেয়ার অফলোডের লক্ষ্যে কোম্পানিসমূহের সম্পদ এবং দায়-এর মূল্যায়ন/পুনঃমূল্যায়ন করতে হয়। বর্তমানে সম্পদ এবং দায় মূল্যায়ন/পুনঃমূল্যায়নের নির্ধারিত কোন গাইড লাইন না থাকায় বিভিন্ন কোম্পানি বিভিন্ন ধরনের নীতিমালা/পদ্ধতি অনুসরণ করছে। এতে সম্পদ/দায় এর মূল্যায়নে কোন কোন ক্ষেত্রে তথ্য-উপাত্তের ঘাটতি থাকতে পারে বলে সরকার মনে করছে। পুঁজিবাজারে তালিকাভুক্তিকরণের লক্ষ্যে প্রস্তাবিত সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহ যাতে একই গাইড লাইন অনুসরণ করে তাদের সম্পদ এবং দায়-দেনার পুনঃমূল্যায়ন করতে পারে, সে লক্ষ্যে সরকার এই নীতিমালাটি প্রণয়ন করলেন।

# পূর্ণাংগ নীতিমালা

১। পুঁজিবাজারে তালিকাভুক্তিকরণের লক্ষ্যে প্রস্তাবিত সরকারি মালিকানাধীন কোম্পানি যে তারিখে ডাইরেক্ট লিস্টিং এর জন্য স্টক এক্সচেঞ্জে বা প্রাথমিক গণপ্রস্তাবের জন্য কমিশনের নিকট আবেদন করবে (যার জন্য যেটা প্রযোজ্য হবে), আবেদনের সাথে দাখিলকৃত কোম্পানির সম্পদ ও দায়-দেনার পুনঃমূল্যায়ন প্রতিবেদন সেই তারিখ থেকে এক বছরের বেশী পুরাতন হবে না।

২। তালিকাভুক্তিকরণের লক্ষ্যে প্রস্তাবিত সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহের Valuer হিসাবে নির্বাচিত হওয়ার জন্য valuer ফার্মকে কতিপয় শর্তাদি (criteria) পূরণ করতে হবে (পরিশিষ্ট-১) এবং উক্ত শর্তাদি পালনকারী valuer দের আবেদন বিবেচনা করে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন নির্ধারিত মানদন্ড (পরিশিষ্ট-২) অনুযায়ী valuer গণের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করবে। উক্ত তালিকা থেকে যে কোন valuer-কে প্রস্তাবিত কোম্পানিসমূহের সম্পদ ও দায়-দেনার পুনঃমূল্যায়নের জন্য কোম্পানি কর্তৃক নিয়োগ দেওয়া যাবে।

৩। (ক) তালিকাভুক্তিকরণের লক্ষ্যে প্রস্তাবিত সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহের ব্যালেন্স শীটে উল্লিখিত বিভিন্ন সম্পদ এবং দায়-দেনার পুনঃমূল্যায়নের জন্য valuer গণ প্রযোজ্য Bangladesh Accounting Standards (BAS) এবং Bangladesh Financial Reporting Standards (BFRS) এর সংশ্লিষ্ট শর্ত পরিপালনের সাথে সাথে যৌক্তিক বিচার বিবেচনা প্রয়োগপূর্বক নিম্নলিখিত পদ্ধতিসমূহ অবলম্বন করবেন ঃ

| SL No. | Items | Revaluation Method |
|---|---|---|
| 01 | **Fixed Assets** | |
| | a. Land | On the basis of current market price (using definite & reliable reference prices). Lease on property over 99 years with transferring right on the basis of current market price. |
| | b. Plant & machineries | On the basis of remaining life of the asset and considering relevant valid documents. |
| | c. Building | On the basis of structure, remaining life of the building as well as Public Works Department's applicable life may be considered. |
| | d. Other fixed assets (such as, vehicles, computer, power generating equipments, office equipments and furniture & fixtures etc.) | On the basis of market criteria. |

| SL No. | Items | Revaluation Method |
|---|---|---|
| | e. Intangible assets | On the basis of market criteria/business value based on industry-wise acceptable best practice (such as, for mobile phone company: connectivity, for airlines company: route and network etc.). |
| | f. Long-term investments | To be valued on the basis of applicable Bangladesh Accounting Standards (BAS), Bangladesh Financial Reporting Standards (BFRS) and applicable laws. |
| | g. Inter-company balances | Reconciliation and set-up with assets and liabilities. |
| 02. | **Current Assets** | |
| | a. Cash & cash equivalents | Physical counting. For FDRs, with the statement of bank concerned and also checking with the statements of few reference dates. |
| | b. Receivables | On the basis of aging (maximum up to one year receivables should be considered. However in case of receivables from Government sector more than one year age also may be considered by netting with the liabilities with the Government). |
| | c. Inventories | On the basis of actual counting and current replacement cost. |
| | Advances/deposits | On the basis of aging and valid documents. |
| | d. Short-term Investments | To be valued on the basis of Bangladesh Accounting Standards (BAS) and Bangladesh Financial Reporting Standards (BFRS). |
| 03. | **Current liabilities** | |
| | a. Trade and other payables | On the basis of aging and also should be verified. Unrealistic items should be cancelled out subject to Board's consent. Law of Limitations and Income Tax Act should be followed (If age of trade and other payable are more than three years then the same should be excluded). |
| | b. Quasi equities/Government liabilities | During valuation quasi equities/Government liabilities should be separated from deposit against share. |

| SL No. | Items | Revaluation Method |
|---|---|---|
| 04. | **Long-term liabilities** | |
| | a. Tax liabilities | To be up dated on the basis of latest assessment and complying with Bangladesh Accounting Standards (BAS) and Bangladesh Financial Reporting Standards (BFRS). |
| | b. Gratuity | On the basis of actual/real liabilities as of valuation date and complying with Bangladesh Accounting Standards (BAS) and Bangladesh Financial Reporting Standards (BFRS). |
| | c. Pension Fund | On the basis of actuarial Valuation |
| | d. Contingent liabilities | On the basis of Bangladesh Accounting Standards (BAS) and Bangladesh Financial Reporting Standards (BFRS) & legal opinion, if applicable. |

৩। (খ) Valuer-কে তার বিচারের ভিত্তি (basis of judgement) পুনঃমূল্যায়ন প্রতিবেদন এ আলাদাভাবে ব্যাখ্যা করতে হবে।

৪। সম্পদ এবং দায়-দেনার পুনঃমূল্যায়নের জন্য নীতিমালায় বর্ণিত মানদন্ড (পরিশিষ্ট-২) অনুযায়ী সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত নিরীক্ষা ফার্মসমূহকে নিয়ে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন valuer দের সংক্ষিপ্ত তালিকা প্রস্তত করবে, তবে উক্ত সংক্ষিপ্ত তালিকার নিরীক্ষা ফার্মসমূহকে নীতিমালায় বর্ণিত (পরিশিষ্ট-১) শর্তসমূহ পূকরতে হবে।

**পরিশিষ্ট-১**

## শর্তসমূহ

১। প্রস্তাবিত কোম্পানিসমূহের পুনঃমূল্যায়নকারী (re-valuer) হিসাবে কাজ করতে হলে নিরীক্ষা ফার্মকে অংশীদারী কারবার (Partnership firm) হতে হবে এবং ফার্মের অন্ততঃপক্ষে দুইজন অংশীদারের (Partner) প্রত্যেকের সাত বছর করে প্রাকটিস্ অভিজ্ঞতা থাকতে হবে।

২। সিকিউরিটিজ আইন বা প্রযোজ্য অন্য কোন আইনের আওতায় নিরীক্ষা ফার্ম এর বিরুদ্ধে ইতোঃপূর্বে যদি কোন শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হয়ে থাকে, তবে শাস্তির মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত এবং আর্থিক জরিমানার ক্ষেত্রে তা পরিশোধ না হওয়া পর্যন্ত উক্ত নিরীক্ষা ফার্ম প্রস্তাবিত কোন কোম্পানির সম্পদ এবং দায় দেনার পুনঃমূল্যায়নকারী হিসাবে নিয়োগ প্রাপ্ত হবে না।

৩। চলতি বছরসহ পূর্ববর্তী তিন বছরের মধ্যে যে কোন বছরে প্রস্তাবিত কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক বা actuary হিসাবে দায়িত্ব পালন করলে উক্ত নিরীক্ষক ফার্ম বর্ণিত কোম্পানির সম্পদ এবং দায় দেনার পুনঃমূল্যায়নের দায়িত্ব পালন করতে পারবে না।

৪। পুনঃমূল্যায়নকারী ফার্মকে পুনঃমূল্যায়নের সময় প্রয়োজনীয় ক্ষেত্রে যথাযথ টেকনিক্যাল জ্ঞানসম্পন্ন ব্যক্তি (যথা ঃ সিভিল প্রকৌশলী, তড়িৎ প্রকৌশলী, বস্ত্র প্রকৌশলী ইত্যাদি) বা প্রতিষ্ঠান নিয়োগ দান করতে হবে এবং পুনঃমূল্যায়নের ক্ষেত্রে বর্ণিত টেকনিক্যাল জ্ঞানসম্পন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের মতামত কে যথাযথ গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।

৫। নিরীক্ষা ফার্ম বা উহার অংশীদারগণের কেউ প্রস্তাবিত কোম্পানির পরিচালক, ম্যানেজিং এজেন্ট, উপদেষ্টা, কর্মকর্তা বা কর্মচারী হিসাবে থাকলে উক্ত নিরীক্ষা ফার্ম বর্ণিত কোম্পানির পুনঃমূল্যায়নকারী হিসাবে নিয়োগপ্রাপ্ত হবে না।

৬। পুনঃমূল্যায়ন সংক্রান্ত কাজের যাবতীয় সহায়ক দলিলাদিসহ এতদ্‌সংক্রান্ত workings নিরীক্ষা ফার্ম পুনঃমূল্যায়নের প্রতিবেদন প্রস্তুতির সময় থেকে অন্ততঃপক্ষে পাঁচ বছর পর্যন্ত সংরক্ষণ করবে।

**পরিশিষ্ট-২**

## মানদন্ডসমূহ

- নিরীক্ষা ফার্মের নাম ঃ ..........................................................................
- ফার্মের প্রকৃতি ঃ ........................................................................................
- ফার্ম প্রতিষ্ঠার তারিখ ঃ ..........................................................................

| ক্রমিক নং | যোগ্যতার মাপকাঠি | একক সংখ্যা | একক নম্বর | সর্বোচ্চ নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১. | ফার্মের বয়স (বছর প্রতি ১) | | ১ | ১০ |
| ০২. | কোয়ালিফাইড একাউন্ট্যান্ট পার্টনার (এফসিএ/এসিএ অন্ততঃ দুইজন পার্টনার থাকতে হবে) | | ৩ | ১২ |
| ০৩ | কোয়ালিফাইড একাউন্ট্যান্ট পার্টনারদের অভিজ্ঞতা | | | |
| | ক) নিরীক্ষা অভিজ্ঞাতা | | ১ | ৩ |
| | খ) পুনঃমূল্যায়ন কাজের অভিজ্ঞতা | | ১ | ৩ |
| ০৪. | কোর্স কমপ্লিট ছাত্র | | | ৮ |
| | ক) পার্ট কোয়ালিফাইড (প্রতিজনে ১) | | ১ | |
| | খ) কোর্স কমপ্লিট (প্রতিজনে ০.৫) | | ০.৫ | |
| | উপমোট | | | |
| ০৫. | আর্টিকেল্ড স্টুডেন্ট (প্রতিজনে ০.৫০) | | ০.৫০ | ১০ |
| ০৬. | ক) বিগত তিন বছরে ব্যাংকিং কোম্পানি নিরীক্ষার অভিজ্ঞতা (প্রতিষ্ঠান প্রতি ১) | | ১ | ৬ |
| | খ) বিগত তিন বছরে ব্যাংকিং কোম্পানির সম্পদ এবং দায়-দেনা পুনঃমূল্যায়নের অভিজ্ঞতা (প্রতিষ্ঠান প্রতি ১) | | ১ | ৬ |
| ০৭. | ক) বিগত তিন বছরে অন্যান্য প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা (প্রতিষ্ঠান প্রতি ০.৫০) | | ০.৫০ | ৩ |
| | খ) বিগত তিন বছরে অন্যান্য প্রতিষ্ঠানের সম্পদ এবং দায়-দেনা পুনঃমূল্যায়নের অভিজ্ঞতা (প্রতিষ্ঠান প্রতি ০.৫০) | | ০.৫০ | ৩ |
| ০৮. | ক) আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নিরীক্ষা ফার্মের সাথে সংশ্লিষ্টতা | | | ৩ |
| | খ) আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সম্পদ এবং দায়-দেনার পুনঃমূল্যায়নকারী প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্টতা | | | ২ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ০.৯ | Technical Resource Person এর সংশ্লিষ্টতা (ফার্মের সাথে সম্পাদিত চুক্তি থাকতে হবে) | | | ৪ |
| ১০. | অফিস আয়তন ও লজিস্টিক সাপোর্ট ঃ | | | |
| | ক) অফিস আয়তন | | ২ বা ৩ | ৭ |
| | ২০০০ বর্গফুটের নীচে (২) | | | |
| | ২০০০ বর্গফুট ও তদূর্ধ্ব (৩) | | | |
| | খ) কম্পিউটার (১) | | ১ | |
| | গ) ফ্যাক্স (১) | | ১ | |
| | ঘ) ই-মেইল (১) | | ১ | |
| | ঙ) দেশের বিভিন্ন স্থানে অবস্থিত একাধিক শাখা অফিসের জন্য | | ১ | |
| | উপমোট | | | |
| ১১. | ক) বিগত নিরীক্ষার মান | | | ২০ |
| | সর্বমোট | | | ১০০ |

* ক্রমিক নম্বর ৩ (ক) এর ক্ষেত্রে প্রতি পার্টনারের ২ বছরের কম সময়ের নিরীক্ষা কাজের অভিজ্ঞতার জন্য ০, ২ বা তদূর্ধ্ব বছরের অভিজ্ঞতার জন্য বছর প্রতি ০.১০ তবে সর্বোচ্চ নম্বর ১। ক্রমিক নম্বর ৩ (খ) এর ক্ষেত্রে প্রতি পার্টনারের ১ বছরের কম সময়ের পুনঃমূল্যায়ন কাজের অভিজ্ঞতার জন্য ০, ১ বা তদূর্ধ্ব বছরের অভিজ্ঞতার জন্য বছর প্রতি ০.১০ তবে সর্বোচ্চ নম্বর ১। সকল পার্টনারের প্রাপ্ত নম্বরের যোগফল মোট নম্বর।

**কোন ফার্মের সাথে অন্য ফার্মের মান সমান হলে ঃ**

১। ফার্মে পার্টনারের সংখ্যা

২। কোয়ালিফাইড চার্টার্ড একাউন্ট্যান্টদের সংখ্যা

৩। আর্টিকেল্ড স্টুডেন্টদের সংখ্যা

৪। ফার্ম প্রতিষ্ঠার তারিখ

৫। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নিরীক্ষা ফার্মের সাথে সংশ্লিষ্টতা বিবেচনায় আনতে হবে।

বাঃসঃমুঃ-২০১০-১১-৫৫৬৯কম/এ-৫০ বই-২০১১।